



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address : Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৩ সেপ্টেম্বর ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

গুইমারায় ইউপিডিএফ সংগঠক অংথোই মারমাকে হত্যার প্রতিবাদে

আগামীকাল গুইমারা, মাটিরঙ্গা, রামগড়, মানিকছড়ি ও লক্ষ্মীছড়ি উপজেলায় আধাবেলা সড়ক অবরোধ ঘোষণা

খাগড়াছড়ির গুইমারায় সেনামদদপুষ্টি সন্ত্রাসী কর্তৃক ইউপিডিএফ সংগঠক অংথোই মারমা ওরফে আশুনকে (৫২)-কে হত্যার প্রতিবাদে আগামীকাল রবিবার (৪ সেপ্টেম্বর ২০২২) গুইমারা, মাটিরঙ্গা, রামগড়, মানিকছড়ি ও লক্ষ্মীছড়ি উপজেলায় আধাবেলা (সকাল ৬টা হতে দুপুর ১২টা পর্যন্ত) সড়ক অবরোধ কর্মসূচি ঘোষণা করেছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ শনিবার (৩ সেপ্টেম্বর ২০২২) সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে ইউপিডিএফ'র খাগড়াছড়ি জেলা সংগঠক অংগ্য মারমা এই অবরোধ কর্মসূচির ঘোষণা দেন।

বিবৃতিতে তিনি অবরোধ কর্মসূচি সফল করতে সকল যানবাহন মালিক-চালক ও শ্রমিক সংগঠনসহ সর্বস্তরের জনসাধারণের প্রতি সনির্বন্ধ অনুরোধ জানিয়েছেন।

অবরোধ চলাকালে জরুরী ফায়ার সার্ভিস, এম্বুলেন্স ও শববাহী গাড়ি, জরুরী ঔষধ সরবরাহকারী ও সংবাদপত্র বহনকারী যান, সংবাদ সংগ্রহের কাজে ব্যবহৃত সাংবাদিকদের গাড়ি এই অবরোধের আওতামুক্ত থাকবে বলে জানানো হয় বিবৃতিতে।

উল্লেখ্য, গতকাল শুক্রবার (২ সেপ্টেম্বর) সকাল পৌনে ১০টার সময় গুইমারায় দেওয়ান পাড়া এলাকায় সেনা মদদপুষ্টি নব্যমুখোশ সন্ত্রাসীরা ইউপিডিএফ সংগঠক অংথোই মারমা আশুনকে গুলি করে হত্যা করে।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।